# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 13-04-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুর্শিদাবাদের হিংসাদীর্ণ সামশেরগঞ্জ, ধুলিয়ান, সুতি ও জঙ্গিপুরের পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে বলে প্রশাসন জানিয়েছে।

কোনোরকম গুজবে কান না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এলাকায় মোতায়েন রয়েছে নিরাপত্তা বাহিনী। চলছে পুলিশি টহল। প্রাণ ভয়ে মালদায় আশ্রয় নিয়েছে বেশ কিছু পরিবার।

২) রাজ্য বিজেপি, মুর্শিদাবাদের ঘটনাকে পরিকল্পিত ষড়যন্ত্র ও তোষণের রাজনীতির ফল বলে অভিযোগ করেছে।

৩) চাকরিহারা তিন যোগ্য শিক্ষক আজ চতুর্থ দিনে অনশন প্রত্যাহার করে নিয়েছেন।

৪) ২৬ হাজার চাকরি বাতিলের মামলায় সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকর না হওয়ায় বঞ্চিত চাকরি প্রার্থীরা আদালত অবমাননার নোটিশ পাঠিয়েছে।

৫) আজ নীল ষষ্ঠী। আগামীকাল চৈত্র সংক্রান্তিতে আয়োজিত হবে চড়ক ও গাজনের মেলা।

৬) দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ বজ্রবিদ্যুত সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

---

মুর্শিদাবাদের জঙ্গীপুর, সামসেরগঞ্জ, সুতি ও ধুলিয়ানের হিংসাদীর্ণ এলাকায় পরিস্থিতি শান্তিপূর্ণ এবং নিয়ন্ত্রণে থাকলেও অবস্থা থমথমে। রাস্তাঘাট ফাঁকা। হিংসা বিধ্বস্ত এলাকায় নিরাপত্তা বাহিনী মোতায়েন রয়েছে। অনেক জায়গায় গ্রামে মানুষ নেই। বিএসএফ-এর রুটমার্চের পাশাপাশি চলছে পুলিশ বাহিনীর টহলদারি। হিংসায় এ পর্যন্ত তিন জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

এই অশান্তির ঘটনায় মোট দেড়শো জনকে গ্রেপ্তার করা হয়েছে। এদের মধ্যে ধুলিয়ানের তিন ব্যবসায়ী রয়েছে। তাদের বিরুদ্ধে গন্ডগোল সৃষ্টির অভিযোগ রয়েছে। ঐসব এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। রাঁচী, জামশেদপুর এবং রাজারহাটের সিআরপিএফ ক্যাম্প থেকে জওয়ানদের মুর্শিদাবাদে পাঠানো হয়েছে।

সাম্প্রতিক অশান্তির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ রাজ্যের মুখ্য সচিব ও পুলিশের মহানির্দেশকের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার তাঁকে জানিয়েছেন, পরিস্থিতি উদ্বেগজনক হলেও তা নিয়ন্ত্রণে আছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, সংবেদনশীল এলাকাগুলিতে বিশেষভাবে নজর রাখার পরামর্শ দিয়ে বলেন, কেন্দ্রও পরিস্থিতির ওপর নজর রেখেছে। প্রয়োজনে রাজ্য সরকারের সঙ্গে কথা বলে অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হবে।

বিএসএফ-এর আইজি সাউথবেঙ্গল কারনি সিং শেখাওয়াত আজ সকালে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এবং অতিরিক্ত মহানির্দেশকের সঙ্গে বৈঠক করেন। দুই অতিরিক্ত মহানির্দেশক সুপ্রতিম সরকার ও বিনীত গোয়েল আজ সামসেরগঞ্জ গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেছেন।

পুলিশের মহানির্দেশক রাজীব কুমার ও পুলিশ সুপার এস পি যাদব সাংবাদিকদের বলেন,

বাইট

কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত মুর্শিদাবাদের ঘটনাবলীকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়েছেন।

বাইট

বিজেপি, বিএসএফ বহিরাগতদের ঢুকিয়ে পরিকল্পিতভাবে অশান্তি ছড়িয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ অভিযোগ করেছেন।

বাইট

----------------------

মালদার সদর মহকুমা শাসক পঙ্কজ তামাং জানিয়েছেন, ধুলিয়ান থেকে প্রাণ ভয়ে প্রায় ১৭০ জন ঘর ছাড়া মানুষ বৈষ্ণবনগরের পারলালপুর হাইস্কুলে আশ্রয় নিয়েছেন। জেলা প্রশাসন তাদের জন্য শুকনো খাবার সহ পানীয় জলের ব্যবস্থা করেছে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, প্রাণ ভয়ে বাড়িঘর ছেড়ে ধুলিয়ান সহ বিভিন্ন জায়গা থেকে গঙ্গা পেরিয়ে মালদায় শয়ে শয়ে মানুষ আসতে শুরু করেছে।

----------------------

মুর্শিদাবাদে অশান্তির ঘটনা পরিকল্পিত বলে বিজেপি দাবি করেছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, তোষণের রাজনীতি বন্ধ না হলে এই চক্রান্ত প্রতিরোধ করা সম্ভব হবে না।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে অভিযোগ করেছেন, রাজ্যে সামাজিক পরিকাঠামো ভেঙে পড়েছে।

-----------------------

পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো রাজ্যের কয়েকটি জেলায় কাশ্মীরের ৯০ সালের মত পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে দাবি করে অবিলম্বে আফস্পা প্রয়োগের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়েছেন। মুর্শিদাবাদ, মালদা, নদীয়ার সাম্প্রতিক কিছু ঘটনার উল্লেখ করে তিনি বলেন, শাসকদলের উষ্কানিতে সংখ্যাগুরু সম্প্রদায়ের ওপর অত্যাচার চলছে। মুর্শিদাবাদে বাবা ও ছেলের খুন হওয়ার পরেও বিরোধী পক্ষকে সেখানে যেতে দেওয়া হচ্ছে না বলে তিনি অভিযোগ করেন। মুর্শিদাবাদের সাম্প্রতিক আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি নিয়ে কেন্দ্রের হস্তক্ষেপ চেয়ে রানাঘাটের সাসংদ জগন্নাথ সরকারও শ্রী শাহকে চিঠি দিয়েছেন।

-----------------------

রাজ্যের শাসক ও বিরোধী উভয়ই দলই দীর্ঘদিন ধরে কুকথা চালিয়ে যাচ্ছে এবং তারা নিজেরা এক এক সম্প্রদায়ের রক্ষাকর্তা হিসাবে জাহির করছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। ওয়াকফ আইন নিয়ে সর্বস্তরে আলোচনা হলে এই পরিস্থিতির সৃষ্টি হত না বলেও তাঁর মন্তব্য।

-----------------------

পুণ্যার্থীদের সুবিধায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল শক্তিপীঠ কালীঘাট মন্দিরের স্কাই ওয়াকের উদ্বোধন করবেন। এই স্কাই ওয়াকে পাঁচটি প্রবেশ পথ রয়েছে। নিচে রয়েছে বারো ফুট চওড়া ফুটপাত। এর জন্য খরচ হয়েছে প্রায় ১০০ কোটি টাকা।

-----------------------

এবারের স্পটলাইট এর বিষয় সুপুষ্টি পক্ষ। অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের অধীন সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প প্রাধিকরণের যুগ্ম অধিকর্তা দেবারতি সরকার। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার প্রথম পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------------

চতুর্থ দিনের মাথায় আজ অনশন প্রত্যাহার করে নিয়েছেন যোগ্য চাকরিহারা তিন শিক্ষক। বিধাননগরের এসএসসি ভবনের সামনে চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশ বৃহস্পতিবার থেকে অনশন শুরু করেন। অনশনকারী শিক্ষক সুমন বিশ্বাস অভিযোগ করেন, শনিবার রাত থেকে শাসক দলের বাইক বাহিনী তাঁদের অনশনস্থল ঘিরে ফেলে। এছাড়াও পুলিশ তাদের মাথার ওপর ছাউনি টাঙানোর অনুমতিও দেয়নি। এই পরিস্থিতিতে সকলের নিরাপত্তা ও স্বাস্থ্যের কথা চিন্তা করে এই কর্মসূচি আপাতত স্থগিত রাখা হল।

(বাইট)

তিনি আরও বলেন, রাজ্য সরকার ২৪ ঘন্টার মধ্যে যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা এবং ওএমআর সিটের মিরর ইমেজ প্রকাশ না করলে জনসমক্ষে OMR সিটের মিরর ইমেজ তাঁরা প্রকাশ করে দেবেন।

এদিকে, চাকরিহারা যোগ্য শিক্ষকদের আরেকটি অংশ ধর্মতলায় ওয়াই চ্যানেলে অবস্থান-বিক্ষোভে বসেছেন। আগামীকাল তাঁরা সেখানে আইনজীবী ও অবসরপ্রাপ্ত বিচারপতিদের আমন্ত্রণ জানিয়েছেন। আইনি লড়াই সম্পর্কে তাদের পরামর্শ নেওয়া হবে।

----------------------

২৬ হাজার চাকরি বাতিলের মামলায় সুপ্রিমকোর্টের নির্দেশ এখনও কার্যকর না করায় রাজ্যের শিক্ষা দপ্তর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদকে আদালত

অবমাননার নোটিশ পাঠালেন বঞ্চিত চাকরিপ্রার্থীদের আইনজীবীরা। নোটিশে দুদিনের মধ্যে শীর্ষ আদালতের রায় কার্যকর করার সময়সীমা দেওয়া হয়েছে। না হলে স্কুল সার্ভিস কমিশন ও পর্ষদের শীর্ষ কর্তাদের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা দায়ের করার হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

আদালতের নির্দেশ মতো এখনও কারো চাকরি বাতিল করা হয়নি।অনেক শিক্ষক শিক্ষিকা এখনো নিয়মিত স্কুলে যাচ্ছেন। এটা আদালতের নির্দেশের অবমাননা বলে অভিযোগকারীরা মনে করেন।

নোটিশে আরো দাবি করা হয়েছে যাদের ওএমআর শিট ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি তাদেরটা প্রকাশ করার নির্দেশ দেওয়া হয়েছিল, কোর্টের নির্দেশ মেনে তা ফের প্রকাশ করা হয়নি।উচ্চ মাধ্যমিকের শিক্ষকদের উত্তরপত্র প্রকাশই করা হয়নি।

----------------------

কসবায় চাকরিহারা শিক্ষকদের উপর পুলিশের লাঠি চালনার প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আজ কলকাতা সহ রাজ্যজুড়ে থানা ঘেরাও কর্মসূচি পালন করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা হেয়ার স্ট্রিট ও বউবাজার থানার সামনে বিক্ষোভ দেখায়।

----------------------

পূর্ব বর্ধমানের মেমারির ক্রিস্টাল মডেল স্কুলের দশম শ্রেনির দুই পড়ুয়া ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-ইসরোয় মহাকাশ বিজ্ঞান সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ লাভের সুযোগ পেয়েছে। হুগলীর বৈঁচির বাসিন্দা সপ্তক ঘোষ এবং মেমারি শহরের কুশারী চক্রবর্তী আগামী ১৮ মে ইসরো পৌঁছবে।

----------------------

আজ নীল ষষ্ঠী। চৈত্র সংক্রান্তির আগের দিন সন্তান ও পরিবারের সমৃদ্ধি ও মঙ্গলকামনায় নীল ষষ্ঠী পালন করা হয়।

রাঢ় বাংলার বিভিন্ন জেলায় আজ থেকে শিব মন্দিরগুলিতে গাজন উৎসব শুরু হয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, বর্ধমান ও মেদিনীপুরের বিখ্যাত শৈবতীর্থগুলিতে গাজন সন্ন্যাসীরা মাথায় বাঁক নিয়ে পরিক্রমা করছেন। আগুনঝাপ কাঁটাঝাপের মত নানা ব্রত পালন করছেন তারা। অনেক জায়গায় গাজনের মেলা শুরু হয়েছে।

আগামীকাল চৈত্র সংক্রান্তিতে চরক পুজো ও চরক মেলার আয়োজন করা হবে। শিবের বিভিন্ন মন্দিরে পুণ্যার্থীরা বাঁকে করে জল নিয়ে যাচ্ছেন।

----------------------

চৈত্র সংক্রান্তি ও গাজন উপলক্ষ্যে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আজ থেকে আগামী মঙ্গলবার হাওড়া ও তারকেশ্বর-এর মধ্যে এক জোড়া EMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। স্পেশাল ট্রেনটি হাওড়া থেকে দুপুর দুটো ৪৫ মিনিটে ছেড়ে বিকেল ৪ টে ১৪ মিনিটে তারকেশ্বর পৌঁছাবে। ফিরতি পথে ট্রেনটি তারকেশ্বর থেকে বিকেল চারটে ৪০ মিনিটে ছেড়ে সন্ধ্যা ৬ টা ১০ মিনিটে হাওড়ায় পৌঁছাবে। যাতায়াতের পথে ট্রেন টি উভয় দিকে শেওড়াফুলি স্টেশনে ২ মিনিটের জন্য থামবে বলে রেল সূত্রের খবর।

----------------------

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ বজ্র বিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টি এবং দমকা হওয়ার সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণী কে জানিয়েছেন

পশ্চিমের জেলা গুলি এবং মুর্শিদাবাদে আজ বৃষ্টির পরিমাণ বেশি থাকবে । অন্যদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ রয়েছে কমলা সতর্কতা।। তবে পয়লা বৈশাখ পর্যন্ত কলকাতা ও পার্শ্ববর্তী এলাকা গুলিতে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলেও তিনি জানান।

বাইট সৌরিশ বন্দ্যোপাধ্যায়

---------------------- ----------------------